আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সামনে ঘুমাতাম।আমার পদদ্বয় তাঁর ক্বিবলার দিকে থাকতো। তিনি যখন সাজদায় যেতেন তখন আমাকে খোঁচা দিতেন। তাতে আমি পা দু’টি গুটিয়ে নিতাম। আর তিনি দাঁড়িয়ে গেলে আমি তা প্রসারিত করতাম। সে সময় ঘরগুলোতে বাতি ছিল না।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী আয়িশাহ রাযিয়াল্লাহু হতে বর্ণিত,
তিনি বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সামনে ঘুমাতাম।
আমার পা দু’টি তখন তাঁর ক্বিবলাহর দিকে থাকতো। তিনি যখন সাজদায় যেতেন তখন আমাকে
খোঁচা দিতেন। তাতে আমি পা দু’টি গুটিয়ে নিতাম। আর তিনি দাঁড়িয়ে গেলে আমি তা
প্রসারিত করতাম। সে সময় ঘরগুলোতে বাতি ছিল না। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলতেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতের সালাত আদায়কালে আমি তাঁর সামনে ঘুমাতাম। আমাদের ঘরসমূহ সংকীর্ণ হওয়ার কারণে আমার পা দু’টি তাঁর সামনে তাঁর মাঝে ও সিজদার স্থানের মাঝখানে থাকতো। যতক্ষণ পর্যন্ত তিনি দাড়িঁয়ে তাহাজ্জুদ পড়তেন ততক্ষণ আমি পাদ্বয়কে বিছিয়ে রাখতাম। যখন তিনি সিজদায় যেতেন তখন আমার পায়ে খোঁচা দিলে পা দু’টি গুটিয়ে নিতাম। যাতে তিনি সিজদা করতে পারেন। আর আমি যখন তাকে দেখতাম তিনি সেজদা করতে যাচ্ছেন তখন আমি খোঁচা দেয়া ছাড়াই পাদ্বয় গুটিয়ে নিতাম। কিন্তু সে সময় আমাদের ঘরগুলোতে বাতি ছিল না। যাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখা যেতো। দেখা গেলে তো তিনি নিজেই পা দ্বয় সরিয়ে নিতেন। খোঁচা দেওয়ার দরকার পড়তো না।

http://sunnah.global/hadeeth/bn/show/5217